তারিখ ...12 FEB 1991...
পৃষ্ঠা... ১ ...কলাম... ৪...

দৈনিক বাংলা

182

86

# বিদেশী পর্যবেক্ষকদের সহযোগিতা করতে ছাত্র ঐক্যের আশ্বাস

সর্বদলীয় ছাত্র ঐক্য আসন্ন সংসদ নির্বাচন পর্যবেক্ষণের জন্য আগত বিদেশী পর্যবেক্ষকদের সার্বিক সহযোগিতা করতে গতকাল সরকারকে আশ্বাস

(শেষ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## ছাত্র ঐক্যের আশ্বাস

(প্রথম পৃষ্ঠার পর)

দিয়েছেন।

ছাত্র ঐক্য পাঁচ সদস্যের একটি প্রতিনিধি দল প্রেসিডেন্টের পররাষ্ট্র বিষয়ক উপদেষ্টা ফখরুদ্দীন আহমদের সঙ্গে অফিসে সাক্ষাৎ করে এই আশ্বাস দেন। খবরবাসস'র।

ছাত্র ঐক্য নেতৃবৃন্দ পররাষ্ট্র বিষয়ক উপদেষ্টাকে বলেন, প্রাগ-ভিত্তিক আন্তর্জাতিক ছাত্র ইউনিয়ন দুই সদস্যের একটি নির্বাচনী পর্যবেক্ষণ দল বাংলাদেশে পাঠাবে। পররাষ্ট্র মন্ত্রণালয়ের একজন মুখপাত্র একথা জানান।

প্রতিনিধিদলে ছিলেন, জাতীয়তাবাদী ছাত্র দলের যুগ্ম আহ্বায়ক ফজলুল হক মিলন, ছাত্র লীগের ভারপ্রাপ্ত সভাপতি শাহ আলম, ছাত্র লীগের (না–শ) সাধারণ সম্পাদক শফি আহমদ ছাত্র ইউনিয়নের সাধারণ সম্পাদক নাসিরউদ্দৌলা এবং জাতীয় ছাত্র লীগের সাধারণ সম্পাদক কামাল হোসেন।